



০৬ ই সেপ্টেম্বর ২০১৬

### প্রেস বিজ্ঞপ্তি

নারায়নগঞ্জ শহরের পশ্চিম তল্লা বায়তুস সালাত জামে মসজিদে বিস্ফোরনের ঘটনায় ব্লাস্টের শোক প্রকাশ এবং নিহত ও আহতদের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ ও বিচার দাবী করছে

নারায়নগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকার বায়তুস সালাত জামে মসজিদে বিস্ফোরনের ঘটনায় এ পর্যন্ত এক শিশুসহ যে ২৩ জন মৃত্যুবরণ করেছেন তাদের পরিবারের প্রতি ব্লাস্ট একাত্মতা এবং শোক প্রকাশ করছে। আমরা সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ী ব্যক্তিদের দ্রুত বিচার এবং শাস্তি দাবী করছি। পাশাপাশি আমরা ক্ষতিগ্রস্ত পরিবারের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদানের জোর দাবী জানাচ্ছি।

বিভিন্ন সংবাদ মাধ্যম সূত্রে জানা যায় যে, গত শুক্রবার রাত সাড়ে ৮ টার দিকে নারায়নগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকার বায়তুস সালাত জামে মসজিদে বিকট শব্দে বিস্ফোরন ঘটে। এতে অর্ধশতাধিক মুসল্লি দক্ষ হন। দক্ষ ব্যক্তিদের গুরুতর অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এ পর্যন্ত ২৩ জনের মৃত্যুর তথ্য পাওয়া গেছে। এছাড়া আরো ১৪ জনের অবস্থা আশঙ্কাজনক। বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত আরো তথ্য অনুযায়ী, মসজিদ কমিটি, তিতাস গ্যাস কর্তৃপক্ষ, বিদ্যুৎ সরবরাহ ও ভবন নির্মাণের সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর অবহেলার কারণে এই আগুনের সূত্রপাত এবং হতাহতের ঘটনা ঘটেছে বলে পুলিশ অভিযোগ জানিয়েছে।

উল্লেখ্য, রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। বাংলাদেশ সংবিধানের ৩১ ও ৩২ অনুচ্ছেদ অনুসারে, প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয়লাভের এবং আইনানুযায়ী ব্যতীত ব্যক্তি-জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার রয়েছে।

গত ২০ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখ চুরিহাট্টার এবং বিগত ০৩ জুন ২০১০ তারিখে নিমতলীর ভয়াবহ ট্যাজেডির পর এ ধরনের ঘটনা আমাদের কাছে অপ্রত্যাশিত এবং অনাকাঙ্ক্ষিত। সেই ঘটনা থেকে শিক্ষা গ্রহণ করে আমাদের সকল নাগরিকের নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এ ধরনের ঘটনায় নিহত ও আহত ব্যক্তির এবং পরিবারের যথার্থ ক্ষতিপূরণের দাবী জানাচ্ছে ব্লাস্ট এবং যাদের অবহেলার জন্য এই ভয়াবহ দুর্ঘটনা ঘটেছে তাদের জবাবদিহিতার পাশাপাশি আইনের আওতায় এনে বিচারের দাবী জানাচ্ছে ব্লাস্ট।

বার্তা প্রেরক:

আসমা উল হোসনা, কমিউনিকেশনস স্পেশালিস্ট, ব্লাস্ট

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

মাহবুবা আক্তার, উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩ ইমেইল: [mahbuba@blast.org.bd](mailto:mahbuba@blast.org.bd)